

পরিচিতি

পরিবেশ ও বন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ২০০০-২০০১ সালের ৩ টি ১৯৯৯-২০০০ সালের ২ টি এবং ১৯৯৮-৯৯ সালের ২ টি মোট ৭টি প্রকল্পের হিসাব অডিটের ভিত্তিতে ২০০০-২০০১ সালের অডিট রিপোর্টি প্রণয়ন করা হইয়াছে। প্রকল্প সমূহের নাম যথাক্রমে ফরেস্ট রিসোর্সেস ম্যানেজমেন্ট প্রকল্প (বন অংশ), বাংলাদেশ এনভায়রনমেন্টাল ম্যানেজমেন্ট প্রকল্প, ফরেস্ট রিসোর্সেস ম্যানেজমেন্ট প্রকল্প, উপকূলীয় সবুজ বেষ্টিনী প্রকল্প (২০০০-২০০১), উপকূলীয় সবুজ বেষ্টিনী প্রকল্প (১৯৯৯-২০০০), কৃষি গবেষণা ব্যবস্থাপনা (বি এফ আর কম্পোনেন্ট) প্রকল্প, ফরেস্ট রিসোর্সেস ম্যানেজমেন্ট প্রকল্প (১৯৯৮-৯৯)। প্রকল্প সমূহের জন্য নির্দিষ্ট কোন হিসাব পদ্ধতি প্রচলিত না থাকায় বাস্তবায়নকারী সংস্থা সমূহ তাহাদের নিজস্ব পদ্ধতিতে হিসাব সংরক্ষণ করে। তবে ১৯৯৬-৯৭ বৎসর হইতে সংস্থাসমূহের নিজস্ব হিসাব এর অতিরিক্ত অডিটের মানোন্নয়নের লক্ষ্যে চাহিদা অনুযায়ী নির্দিষ্ট কয়েকটি ছকে প্রকল্পের লেনদেনের তথ্য সংরক্ষণের জন্য প্রকল্প কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়। সেই বিষয়ে যথেষ্ট অগ্রগতি সাধিত হইয়াছে।

১) প্রকল্প ভেদে নিম্নরূপ হিসাব পদ্ধতি অনুসৃত হইয়া থাকে:-

- (ক) প্রচলিত সরকারী হিসাব পদ্ধতি।
- (খ) স্বায়ত্তশাসিত ও আধা স্বায়ত্তশাসিত সংস্থার নিজস্ব হিসাব পদ্ধতি।
- (গ) আংশিক পরিবর্তিত গণপূর্ত হিসাব পদ্ধতি
- (ঘ) সাধারণ বাণিজ্যিক হিসাব পদ্ধতি এবং
- (ঙ) প্রত্যেক প্রকল্পে নির্দিষ্ট ছকে তথ্য/হিসাব সংরক্ষণ (অডিটের চাহিদা অনুযায়ী)

২) প্রকল্প সমূহের তহবিলের উৎস নিম্নরূপ:-

- (ক) বাংলাদেশ সরকার কর্তৃক বার্ষিক উন্নয়ন কর্মসূচী অনুযায়ী মঞ্জুরীকৃত অর্থ।
- (খ) বিশ্ব ব্যাংক, এশিয়া উন্নয়ন ব্যাংকসহ বিভিন্ন বৈদেশিক সাহায্য দাতা সংস্থা কর্তৃক প্রদত্ত ঋণ, অনুদান এবং সাহায্য বাবদ প্রাপ্ত অর্থ।